**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৬৪/২০১৮-১৯**

**ঢাকা, রোববার ৩০ সেপ্টেম্বর ২০১৮, ১৫ আশ্বিন ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বিশ্ববিদ্যালয়গুলোকে বিশ্বমানের পাঠ্যসূচি প্রণয়নের আহ্বান রাষ্ট্রপতির

২। নির্বাচনে ইভিএম ব্যবহারের করতে চাই : প্রধানমন্ত্রী

৩। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পাশে থাকবে বেলজিয়াম

৪। ময়মনসিংহের ত্রিশালে মিনিস্টার হাইটেক পার্ক উদ্বোধন করলেন বাণিজ্যমন্ত্রী

৫। ধূমপান রুখতে চাই সামাজিক আন্দোলন : স্বাস্থ্যমন্ত্রী

৬। পদ্মা সেতুর নাম হবে 'শেখ হাসিনা পদ্মা সেতু' : সেতুমন্ত্রী

৭। বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা : তথ্যমন্ত্রী

৮। কারিগরি শিক্ষার্থীদের প্রকল্পে বিনিয়োগের আহ্বান শিক্ষামন্ত্রীর

৯। সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করতে চাইলে বিপদ হবে : আইজিপি

১০। বিশ্ব নদী দিবস আজ

চলমান পাতা-২

১। **বিশ্ববিদ্যালয়গুলোকে বিশ্বমানের পাঠ্যসূচি প্রণয়নের আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মোঃ আব্দুল হামিদ বিশ্বের স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সমমান বজায় রেখে এ দেশের বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রম হালনাগাদ করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল (২৯ সেপ্টেম্বর শনিবার) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (আরইউ) দশম সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ প্রদানকালে বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় বিশ্বমানের শিক্ষা ও গবেষণা নিশ্চিত করার কোনো বিকল্প নেই। অতএব, বিশ্বমান বজায় রাখতে বিশ্ববিদ্যালয় পাঠ্যক্রম হালনাগাদ করতে হবে। দেশের বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর মোঃ আব্দুল হামিদ সংশ্লিষ্ট সকলের প্রতি শিক্ষাকে কেবল বাণিজ্যিক পণ্যের হাতিয়ার এবং সার্টিফিকেট অর্জনের বিষয় হিসেবে ব্যবহার না করার পাশাপাশি সামগ্রিকভাবে দেশের ও দেশের জনগণের বৃহত্তর স্বার্থ নিশ্চিত করারও আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক. ৪), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

২। **নির্বাচনে ইভিএম ব্যবহার করতে চাই : প্রধানমন্ত্রী**

নির্বাচনে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহারের পক্ষে মত ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে গতকাল (২৯ সেপ্টেম্বর শনিবার) এক সংবাদসম্মেলনে তিনি এ কথা জানান। ঐ দিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও নিউইয়র্কের গ্র্যান্ড হায়াত হোটেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় তাঁরা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। সংবাদসম্মেলনের শুরুতে প্রধানমন্ত্রী বলেন, বৈঠককালে আমরা নির্বাচনি ব্যবস্থা নিয়ে আলোচনা করেছি। একনেক ইভিএম প্রকল্প অনুমোদন করেছে এবং আমরা তা ব্যবহার করতে চাই। সংবাদসম্মেলনে প্রধানমন্ত্রী মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে তাঁর বৈঠকের কথা উল্লেখ করে বলেন, তাঁর সঙ্গে ফলপ্রসু বৈঠক হয়েছে এবং রোহিঙ্গা ইস্যু ও নির্বাচন নিয়ে আমরা আলোচনা করেছি। প্রধানমন্ত্রী বলেন, যুক্তরাষ্ট্র চায় বাংলাদেশে গণতান্ত্রিক ব্যবস্থা অব্যাহত থাকুক এবং অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠিত হোক। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৩। **রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পাশে থাকবে বেলজিয়াম**

রোহিঙ্গা সমস্যা সমাধানে ইউরোপীয় ইউনিয়নের মাধ্যমে বেলজিয়াম ইতিবাচক ভূমিকা অব্যাহত রাখবে। এ ইস্যুতে বেলজিয়াম বাংলাদেশের পাশে আছে এবং থাকবে। বেলজিয়াম হাউজ অভ্ রিপ্রেজেনটেটিভস প্রেসিডেন্ট শিকফ্রেড ব্রেকের সঙ্গে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সৌজন্য সাক্ষাতকালে করলে শিকফ্রেড এসব কথা বলেন। গত ২৮ সেপ্টেম্বর শুক্রবার বেলজিয়াম পার্লামেন্টে সৌজন্য সাক্ষাৎকালে তাঁরা বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন, কৃষি শিক্ষা, নারীর রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষমতায়ন এবং রোহিঙ্গা সমস্যা সমাধানে ইউরোপিয়ান পার্লামেন্টের ভূমিকা নিয়ে আলোচনা করেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে এগিয়ে চলেছে বাংলাদেশ। তিনি বলেন, অর্থনৈতিক মুক্তি অর্জনের মাধ্যমে প্রতিষ্ঠিত হবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.৩)।

৪। **ময়মনসিংহের ত্রিশালে মিনিস্টার হাইটেক পার্ক উদ্বোধন করলেন বাণিজ্যমন্ত্রী**

ময়মনসিংহের ত্রিশালে মিনিস্টার হাইটেক পার্ক উদ্বোধনকালে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বর্তমানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। এ অগ্রগতির প্রমাণ মিনিস্টার হাইটেক পার্ক। গতকাল (২৯ সেপ্টেম্বর শনিবার) ময়মনসিংহের ত্রিশালের নারায়ণপুরে মিনিস্টার হাইটেক পার্কের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বাণিজ্যমন্ত্রী আশাবাদ ব্যক্ত করে বলেন, ২০৩০ সালে আমরা ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ উপহার দিতে পারব। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭)।

**৫।	ধূমপান রুখতে চাই সামাজিক আন্দোলন : স্বাস্থ্যমন্ত্রী**

‘তোমার হার্ট, আমার হার্ট-সুস্থ রাখতে অঙ্গীকার করি একসাথে’-প্রতিপাদ্যকে সামনে রেখে পালিত হলো বিশ্ব হার্ট দিবস। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচির মাধ্যমে গতকাল (২৯ সেপ্টেম্বর শনিবার) দিবসটি পালিত হয়েছে। সরকারি-বেসরকারি হাসপাতালের পাশাপাশি বিভিন্ন সামাজিক সংগঠন এ উপলক্ষে আলোচনাসভা, শোভাযাত্রা, বৈজ্ঞানিক সেমিনারসহ নানা কর্মসূচির আয়োজন করে। রাজধানীর ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনে দিবসের মূল অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। ধূমপানকে হৃদরোগের অন্যতম কারণ উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, ধূমপান ঠেকাতে সরকার বদ্ধপরিকর। এজন্য সরকার অব্যাহতভাবে তামাকপণ্যে কর বাড়িয়েছে। কর থেকে প্রাপ্ত অর্থ স্বাস্থ্যসেবায় ব্যয় করা হচ্ছে। ধূমপানের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক. ১)।

**৬।	পদ্মা সেতুর নাম হবে ‘শেখ হাসিনা পদ্মা সেতু’ : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, পদ্মা সেতু হবে ‘শেখ হাসিনা পদ্মা সেতু’। নির্মাণাধীন পদ্মা সেতুর নাম বঙ্গবন্ধু কন্যা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার নামে রাখা হবে। এ বিষয়ে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ সিদ্ধান্তও নিয়েছে এবং এ বিষয়ে প্রধানমন্ত্রীকে সারসংক্ষেপও পাঠানো হয়েছে। গতকাল (২৯ সেপ্টেম্বর শনিবার) মুন্সীগঞ্জের মাওয়া প্রান্তের সেতু প্রকল্প এলাকায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন মন্ত্রী। তিনি আরো বলেন, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ও শেখ রেহানা বারবার বলেছেন পদ্মা নদীর নামে সেতুর নামকরণ করা হোক। কিন্তু জনমত হলো আমাদের প্রধানমন্ত্রীর নামেই এ সেতুর নামকরণ হোক। তাই বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ জনমতের প্রতিফলন ঘটাতে চায়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

**৭।	বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, সব ষড়যন্ত্র, চক্রান্ত, জঙ্গি-সন্ত্রাসকে কঠোর হাতে দমন করে সমৃদ্ধি, শান্তি ও উন্নয়নের পথে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শেখ হাসিনা নির্বাচনকে ভয় পায়না। এটা নিয়ে তার কোনো দুশ্চিন্তাও নেই। গতকাল (২৯ সেপ্টেম্বর শনিবার) কুষ্টিয়ার মিরপুর উপজেলার হরিতলা সার্বজনীন পূজা মন্দিরের নির্মাণকাজের উদ্বোধন ও সংক্ষিপ্ত আলোচনাসভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬)।

**৮।	কারিগরি শিক্ষার্থীদের উদ্ভাবিত প্রকল্পে বিনিয়োগের আহ্বান শিক্ষামন্ত্রীর**

শিক্ষার্থীদের সৃজনশীলতা বিকাশ এবং শিল্প-কলকারখানাগুলোকে উদ্ভাবনী প্রক্রিয়ায় সম্পৃক্ত করার লক্ষ্য নিয়ে অনুষ্ঠিত হলো ‘স্কিলস কম্পিটিশন-২০১৮’। গত ২৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার ঢাকায় আইডিইবি ভবনে এ প্রতিযোগিতার উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। প্রধান অতিথির বক্তৃতায় তিনি কারিগরি শিক্ষার্থীদের উদ্ভাবিত বিভিন্ন প্রকল্পে বিনিয়োগের মাধ্যমে দেশের অর্থনৈতিক অগ্রগতিতে নিজেদেরকে সম্পৃক্ত করতে শিল্পপতি ও ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৫)।

**৯।	সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করতে চাইলে বিপদ হবে : আইজিপি**

আসন্ন শারদীয় দুর্গাপূজাকে কেন্দ্র করে কেউ যদি দেশের সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করতে চায় তবে তাদের জন্যে সমূহ বিপদ অপেক্ষা করছে বলে জানিয়েছেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী। গতকাল (২৯ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর ঢাকেশ্বরী মন্দিরে জাতীয় পূজা উদ্‌যাপন পরিষদের বর্ধিতসভায় তিনি এমন হুঁশিয়ারি জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৭)।

**১০।    বিশ্ব নদী দিবস আজ**

আজ বিশ্ব নদী দিবস। নদী রক্ষায় নাগরিকদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করতে বাংলাদেশসহ ৭০টির বেশি দেশে দিবসটি পালিত হচ্ছে। দিবসটি পালনের লক্ষ্যে বাপা ও রিভারাইন পিপলসহ বাংলাদেশের নদী ও পরিবেশবাদী সংগঠনগুলো যৌথভাবে 'নদী থেকে নির্বিচারে বালি উত্তোলন বন্ধ করো' স্লোগান নির্ধারণ করেছে।



বিশ্ব নদী দিবস উপলক্ষে বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাষ্ট্রপতি বলেছেন, দেশের আগামী প্রজন্মের জন্য একটি বাসযোগ্য পৃথিবী রেখে যেতে নদী সুরক্ষা খুবই জরুরি। বিশ্ব নদী দিবস উপলক্ষে দেওয়া এক বাণীতে প্রধানমন্ত্রী নদী সম্পদ, নদীর অবকাঠামো, পানি ও পরিবেশ সুরক্ষায় সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য সর্বস্তরের জনগণের প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ, ক. ১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

ক.    **বণিক বার্তা :** ইন্টারন্যাশনাল সিভিল এভিয়েশন অর্গানাইজেশনের সেফটি স্ট্যান্ডার্ড কমপ্লায়েন্সে আকাশপথে নিরাপত্তায় দক্ষিণ এশিয়ায় সবার উপরে বাংলাদেশ এ খবরটি উৎসাহব্যঞ্জক উল্লেখ করে এ মান ধরে রাখতে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ.    **প্রথম আলো :** মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রামের উদ্ভাবিত একটি অ্যাপ্লিকেশন সফটওয়্যার জয় অ্যাপ সরকারের একটি মহতী উদ্যোগ উল্লেখ করে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে তা ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ।

গ.    **যায়যায়দিন :** সরকারের সংক্রামকব্যাধি হাসপাতালের বার্ষিক পরিসংখ্যান অনুসারে প্রতিদিন জলাতঙ্ক রোগে আক্রান্ত হয়ে ৬০০ থেকে ৮০০ লোক চিকিৎসা নিতে আসে উল্লেখ করে জলাতঙ্ক প্রতিরোধে সচেতনতা সৃষ্টির আহ্বান।

ঘ.    **সমকাল :** রাঙামাটি জেলায় বরকল উপজেলার ৮৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকট থাকায় দিন দিন বাড়ছে শিক্ষার্থী ঝরে পড়ার হার উল্লেখ করে বরকলসহ  যেসব বিদ্যালয়ে শিক্ষক সংকট রয়েছে তা দূর করে মানসম্মত শিক্ষা নিশ্চিতের পাশাপাশি ঝরে পড়া রোধ করার ওপর গুরুত্বারোপ।

ঙ.    **জনকণ্ঠ :** ওয়ার্ল্ড ফিশ এর প্রতিবেদন অনুযায়ী বিশ্বে উৎপাদিত মোট ইলিশের ৬৫ শতাংশই বাংলাদেশে এ তথ্য উল্লেখ করে বাঙালির ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতির অন্যতম এ উপাদানের প্রযত্ন ও সুরক্ষায় সকলকে সচেতন হওয়ার আহ্বান।

চ.    **নিউ এজ :** দেশের সংখ্যালঘু সম্প্রদায়ের সার্বিক নিরাপত্তায় দৃষ্টি দেওয়ার সুপারিশ ।

ছ.    **ডেইলি স্টার :** পদ্মা নদীর ভাঙ্গনে সর্বস্ব হারানো ক্ষতিগ্রস্ত মানুষদের দ্রুত পুনর্বাসনের ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**মানবকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদূরপ্রসারী ভাবনা ও সময়োপযোগী পদক্ষেপের কারণে দেশি-বিদেশি বিনিয়োগ বাড়ছে ও সৃষ্টি হচ্ছে কর্মসংস্থান।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'লেখাপড়ায় শিশুর ভালো ফলাফল ও আমাদের করণীয়'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিশুর মনে আত্মবিশ্বাস সৃষ্টি করতে পারলে তা তার লেখাপড়ায় ইতিবাচক প্রভাব ফেলে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা